আজকের কাগজ

তারিখ 28 NOV 1991
পৃষ্ঠা 6 কলাম ...

66

# শিক্ষা সংগ্রাম পরিষদ রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি দিয়েছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিরাজমান অচলাবস্থা নিরসন করে অবিলম্বে ক্লাশ চালুর দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম পরিষদের পক্ষ থেকে এক প্রতিনিধিদল গতকাল বুধবার দুপুরে রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাসের কাছে স্মারকলিপি দিয়েছে।

সাধারণ ছাত্র-ছাত্রীদের পক্ষ থেকে পেশ করা দাবিসমূহের প্রেক্ষিতে রাষ্ট্রপতি শিগগিরই কার্যকরী ব্যবস্থা নেবার আশ্বাস দেন এবং সাধারণ ছাত্র-ছাত্রীদের সংগঠনকে আরো বলিষ্ঠ ও জোরদার করার পরামর্শ দেন।